


বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ

দক্ষিণ-পূর্ব এশিয়ার উচ্চতর কৃষি শিক্ষার অন্যতম বিদ্যাপীঠ

আতাতুল করিম বোকা, ময়মনসিংহ রাস্তা

আজ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৮তম প্রতিষ্ঠা দিবস। সাফল্যের ৩০ গৌরবগাথা এই বিশ্ববিদ্যালয় দেশের কৃষি উন্নয়নের বাস্তবায়নকারী ৪৭ বছর পরিচয় ৪৮ বছর পূর্ণাঙ্গ করেছে। এটি দেশে উচ্চতর কৃষিক্ষেত্র ও গবেষণার ক্ষেত্রে প্রথম ও প্রধান সরকারি বিশ্ববিদ্যালয়। ১৯৬১ সালে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ের উন্নত মানসম্মত উচ্চতর কৃষিক্ষেত্র ও গবেষণা ব্যবস্থার নিত্যনতন বিধানের মাধ্যমে দেশের কৃষি উন্নয়নের ওপর অক্লান্ত পরিশ্রম অব্যাহত রয়েছে। কৃষি শিক্ষার, সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করে আন্তর্জাতিক মর্যাদায় অতিথিক বাংলাদেশের তৃতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৮তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে দু'দিনব্যাপী স্মারক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে অনুষ্ঠিত বর্ণাঢ্য রঙ্গিনসহ বিভিন্ন কর্মসূচি উদ্বোধন করবেন জাইন চ্যাম্পেলর প্রফেসর ড. বো। আনতর হোসেন। দক্ষিণ-পূর্ব এশিয়ার উচ্চতর কৃষি শিক্ষা ও গবেষণার অন্যতম ও পবিত্র এই বিদ্যাপীঠ সাফল্যের ধারাবাহিকতাকে অগ্রসর রেখে কালের ধারায় এক নতুন দিগন্তের সূচনা করে চলেছে। এই পবিত্র উত্তরাধিকারের ধারা বয়ে বিনামূল্যে ৪৭ বছর পূর্ণ করে আজ ৪৮ বছরে পদার্পণ করছে। মুগাশস্যের বিভিন্ন শিক্ষা ও গবেষণা কর্মসূচির আধুনিকায়নের মধ্য দিয়ে একবিংশ শতাব্দীর চ্যাম্পেলর হোকবেলায় বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করে এবং টেকসই কৃষিপ্রযুক্তি উত্পাদন ও কৃষকের বোঝাপড়ায় পৌঁছে দেয়ার পাশাপাশি সমৃদ্ধ বাংলাদেশে বিনির্ভরশীল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এক অবিচল আছুর প্রতীক হয়ে দাঁড়িয়েছে। রাজধানী ঢাকা থেকে ১২০ কিলোমিটার উত্তরে এবং ময়মনসিংহ শহর থেকে



সুপারভায়

বাকুবির প্রশাসনিক ভবন ৪ কিলোমিটার দক্ষিণে পুরাতন স্তম্ভপুর নদের পশ্চিম প্রান্তে চিরসবুজে ঘেরা গ্রামীণ পরিমণ্ডলে ৪৮৫ হেক্টর জমিতে নিয়ে গড়ে ওঠে এই বিশ্ববিদ্যালয় থেকে এ যাবৎ ২১ হাজার ৯০৮ জন স্নাতক, ১১ হাজার ৮৭৩ জন স্নাতকোত্তর এবং ২৪৬ জন পিএইচডি ডিগ্রি লাভ করেছেন (৩০-৬-২০০৮ পর্যন্ত হিসাব অনুযায়ী)। এছাড়া বিশেষ সমঝোতায় মাধ্যমে নেবেল স্লিফটে কৃষি বিজ্ঞানী ড. স্ট্যানলি ই. বোরলগকে সম্মানসূচক ডিএসসি (অনারিস কজা) ডিগ্রি প্রদান করা হয়। দেশে উচ্চতর কৃষিক্ষেত্র ও গবেষণার ক্ষেত্রে এটি প্রথম ও প্রধান সরকারি বিশ্ববিদ্যালয়। ১৯৬১ সালে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ের উন্নত মানসম্মত উচ্চতর কৃষিক্ষেত্র ও গবেষণা ব্যবস্থার নিত্যনতন বিধানের

মাধ্যমে দেশের কৃষি উন্নয়নের গুরুদায়িত্ব বহন করবে আর্থিক, ব্যবহারিক জ্ঞানসম্পন্ন দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী, প্রযুক্তিবিদ তৈরি এবং সুবিকাশ করা অন্যতম প্রধান দায়িত্ব। এটি মূলত একটি আধুনিক বিশ্ববিদ্যালয় এবং কৃষি ও সংশ্লিষ্ট সব বিজ্ঞানের শাখায় শিক্ষাদান, পরীক্ষা পরিচালনা ও অধিজ্ঞান প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান। ছয়টি অনুষদের আওতায় ৪০টি শিক্ষা বিভাগের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। অনুষদগুলো হল— ভেটেরিনারি অনুষদ, কৃষি অনুষদ, পশুপালন অনুষদ, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ, কৃষি প্রকৌশল ও কৃষিগরি অনুষদ এবং বাহ্যিক বিজ্ঞান অনুষদ। বর্তমানে

বিশ্ববিদ্যালয়ের ছয়টি অনুষদে অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে স্নাতক পর্যায়ে ৩ হাজার ৫৪ জন। স্নাতকোত্তর পর্যায়ে ১ হাজার ১৯১ জন এবং পিএইচডি পর্যায়ে ২৭৪ জন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শিক্ষক সংখ্যা ৫১৬, এদের মধ্যে ২৬২ জন প্রফেসর, ৫৬ জন সহযোগী প্রফেসর এবং ১৭৯ ও ১৯ জন যথাক্রমে সহকারী প্রফেসর ও লেকচারার। কর্মকর্তা ৩৯৫ জন এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী যথাক্রমে ৫০২ ও ১২৭০ জন। উচ্চমাধ্যমিক সার্টিফিকেট-উত্তর আট সিমেন্টার কন্যা ৪ বছর মেয়াদি কোর্সের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে ডিডিএম, বিএসসিএসি (অনার্স), বিএসসিএএইচ (অনার্স), বিএসসিএসিইকন (অনার্স), বিএসসিএসিইইজি, বিএসসি স্টুড ইন্ডি এবং বিএসসিফিয়ার্স (অনার্স) ডিগ্রি প্রদান করা হয়ে থাকে। স্নাতকোত্তর পর্যায়ে মোট ৪০টি শিক্ষা বিভাগে একটানা তিন সেমিস্টারে বিন্যাস কোর্স-স্ট্রেডিট ও গবেষণাভিত্তিক ৪২টি বিষয়ে এমএস ডিগ্রি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উচ্চতর কার্যক্রম পূর্ণকালীন তিন বছর মেয়াদি বা সর্বোচ্চ ছয় বছর পর্যন্ত ক্যান্সেলে যেতে পারে এবং এর মধ্যে টানা দু'বছর বিশ্ববিদ্যালয়ে অবস্থান শিক্ষার্থী-গবেষণকের জন্য আবশ্যিক। উচ্চশিক্ষা ও গবেষণা কমিটির উপর স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের উন্নয়ন, সুশৃঙ্খলিত ও তত্ত্বাবধানের দায়িত্ব লাভ রয়েছে। বর্তমানে ৩৮টি বিভাগ থেকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়ে থাকে। দেশের কৃষি বিজ্ঞানী ও উন্নয়ন কর্মীদের মাঝে কার্যকর সংযোগ স্থাপনের উদ্দেশ্যে মাননীয় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও বিভিন্ন বিজ্ঞান সমিতির উদ্যোগে ১৫টি উচ্চ মানসম্মত বৈজ্ঞানিক ও কৃষিগরি জার্নাল প্রকাশিত হয়ে পাঠে।